



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোন : ৯৫৭৬৬৫৩

৯৫৬০০২১- ৩৩৫

ই-মেইল : cbs@krishibank.org.bd

ওয়েবসাইট: www.krishibank.org.bd

প্রকা/আইসিটি (সিস্টেমস)-৪২(বিবিধ)/২০১৭-২০১৮/১১৪৫

তারিখ : ২৩/০৪/২০১৮

মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

স্থানীয় মুখ্য কার্যালয় / সকল বিভাগীয় কার্যালয়।

বিষয়ঃ অনলাইন শাখাসমূহ এবং অনলাইন শাখা সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের বেতনাদি শেষ কর্মদিবসের পূর্বের কর্মদিবসে প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকে তথ্য প্রযুক্তির অবকাঠামোগত সম্প্রসারণের পাশাপাশি উন্নততর তথ্য ব্যবস্থাপনা ও আধুনিক ব্যাংকিং সেবা গ্রাহকদের প্রদান করার নিমিত্ত অনলাইন ব্যাংকিং কার্যক্রম চালু করা হয়েছে। ইতোমধ্যে অত্র ব্যাংকের ৩১০টি শাখাকে অনলাইন ব্যাংকিং কার্যক্রমের আওতায় আনয়ন করা হয়েছে। প্রতিনিয়ত অনলাইন ব্যাংকিংভূক্ত শাখার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উক্ত অনলাইন ব্যাংকিংভূক্ত শাখাসমূহের সকল প্রকার ব্যাংকিং লেনদেনের তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং বিভিন্ন হিসাবের সুদ প্রদান ও Closing সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়াসমূহ প্রধান কার্যালয়ের ICT Systems, Card & Mobile Banking বিভাগ হতে কেন্দ্রীয়ভাবে পরিচালিত হচ্ছে। কেন্দ্রীয়ভাবে Monthly Closing এর মাধ্যমে প্রতি মাস শেষে অনলাইন শাখা সমূহের আয়-ব্যয় এর হিসাবায়ন করা হয়। Monthly Closing সহ Quarterly Closing এবং Half Yearly Closing প্রক্রিয়াসমূহ সম্পন্ন করা অনেক সময়সাপেক্ষ যা সকল অনলাইন শাখার দৈনন্দিন কার্যক্রম শেষে Day close করার পর শুরু করা হয়। বর্তমানে মাসের শেষ কর্মদিবসে কর্মকর্তা/ কর্মচারীদের বেতন প্রদান করা হয় বিধায় অনলাইন ব্যাংকিংভূক্ত শাখাসমূহের দৈনন্দিন কার্যক্রম সম্পন্ন করে Day close করতে বিলম্ব হয়। বিশেষ করে যে সকল অনলাইন শাখাসমূহ হতে বিভিন্ন নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের বেতন প্রদান করা হয় সে সকল শাখাসমূহের Day close করতে আরও বেশি সময়ের প্রয়োজন হয়। ফলশ্রুতিতে Monthly Closing এবং Half Yearly Closing প্রক্রিয়াটি শুরু করতে বিলম্ব হয় এমনকি অনেক সময় পরবর্তী কর্ম দিবস শুরুর পূর্বে এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয় না। এ প্রেক্ষিতে, আয়-ব্যয়ের হিসাব সম্পন্নকরণ, বিভিন্ন হিসাবের সুদ প্রদান সহ Closing সংক্রান্ত সকল কার্যক্রম নির্বিঘ্ন ভাবে সম্পন্ন করার জন্য ব্যাংকের সকল অনলাইন শাখা ও তৎসংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের বেতন প্রধান কার্যালয়ের ন্যায় শেষ কর্ম দিবসের পূর্বের কর্ম দিবসে প্রদান করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সদয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ব্যাংকের সকল অনলাইন শাখা ও তৎসংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের বেতন শেষ কর্ম দিবসের পূর্বের কর্ম দিবসে প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত  
২৩/৪/১৮  
(স্বঃ) খাজামুদ্দীন তালুকদার

মহাব্যবস্থাপক

আইসিটি মহাবিভাগ

তারিখ : ২৩/০৪/২০১৮

প্রকা/আইসিটি (সিস্টেমস)-৪২(বিবিধ)/২০১৭-২০১৮/১১৪৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে)।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে)।
- ০৭। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে)।
- ০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে)।
- ০৯। ব্যবস্থাপক, সকল অনলাইন শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে)।
- ১০। নথি/ মহানথি।

Rosid  
23.04.2018  
(মোঃ মামুনুর রশীদ)  
উপ-মহাব্যবস্থাপক